

উন্নত জাতের রাবার চাষ,
চাষীর আনন্দ ১২ মাস



বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন
প্রধান কার্যালয়
রুম ৫০৬২, ৫ম তলা, সি.জে.কে.এস শপিং কমপ্লেক্স,
কাজীর দেউরী, চট্টগ্রাম
www.brgoa.com

রাবার গাছের বিশেষ গুণ,
কার্বন শোষণ করে দ্বিগুণ

স্মারক নং: বিআরজিওএ/৩৬/২০২৪

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

বরাবর

চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ রাবার বোর্ড

ই ১০-১৩, এম এ কে খলিল সড়ক, পশ্চিম পাহাড়,

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট ক্যাম্পাস, ষোলশহর, চট্টগ্রাম।

বিষয়: বাংলাদেশ রাবার বোর্ডের পরিচালনা পর্ষদে বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশনের সভাপতি, মহাসচিব সহ প্রতিনিধিত্ব বাড়ানো এবং অন্যান্য দাবী প্রসঙ্গে।

জনাব

যথাবিহীত সম্মানপূর্বক আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, আগামী ২৯ আগস্ট ২০২৪ (বৃহস্পতিবার) বাংলাদেশ রাবার বোর্ডের পরিচালনা পর্ষদের ২১তম সভা অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত সভায় আমাদের এসোসিয়েশনের পক্ষ থেকে নিম্নোক্ত দাবীসমূহ উত্থাপনের জন্য অনুরোধ জানাচ্ছি। আমাদের আশা দাবীগুলো সঠিকভাবে মূল্যায়িত হলে আমাদের রাবার শিল্পের উন্নতিতে আরো অগ্রনী ভূমিকা পালন করবে। দাবীগুলো নিম্নরূপ:

- ১। বর্তমানে মেয়াদ উত্তীর্ণ প্লটসমূহ বিনা ফি'তে নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ২। রাবার উৎপাদনকারী সকল দেশের ন্যায় রাবারকে কৃষিপণ্য ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগকে অনুরোধ জানানো।
- ৩। দেশীয় বাজারে রাবারের মূল্য বৃদ্ধি করার লক্ষ্যে রাবার আমদানির ক্ষেত্রে ভারতের ন্যায় রাবার আমদানিতে আমদানি শুল্ক ৫০% আরোপের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থার অনুরোধ জানানো।
- ৪। বর্তমানে বাংলাদেশ রাবার বোর্ডের পরিচালনা পর্ষদে বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশনের একজন প্রতিনিধির পরিবর্তে সভাপতি, মহাসচিবসহ সাতজন প্রতিনিধি অন্তর্ভুক্ত করা হোক।

আমরা আশা করি উপরোক্ত প্রস্তাবনা সমূহ বাস্তবায়নের জন্য আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

ধন্যবাদান্তে


(মোহাম্মদ কামাল উদ্দিন)
সভাপতি

বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন


(মইনুল ইসলাম)
মহাসচিব

বাংলাদেশ রাবার গার্ডেন ওনার্স এসোসিয়েশন